# BCS প্রিলি. লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ১৫

## Lecture Contents


- প্রকৃতি ও প্রত্যয়
- সংখ্যাবাচক শব্দ
- সমার্থক শব্দ/প্রতিশব্দ
- বিপরীত শব্দ


## প্রকৃতি ও প্রত্যয়

**প্রকৃতি:** শব্দ বা ক্রিয়ার মূলকে প্রকৃতি বলে। অর্থাৎ শব্দের যে অংশকে আর কোন ক্ষুদ্রতম অংশে ভাগ করা যায় না তাই প্রকৃতি।

**প্রকৃতি দুই প্রকার। এগুলো হলো :**

(ক) নাম প্রকৃতি ও
(খ) ক্রিয়া প্রকৃতি।

### নাম প্রকৃতি

নাম শব্দের মূলকে নাম প্রকৃতি বলে। যেমন- 'ঢাকাইয়া' একটি নাম শব্দ। এই শব্দটিকে বিশ্লেষণ করে একটি অসম্পূর্ণ অর্থবোধক শব্দ 'ঢাকা' পাওয়া যায়। কিন্তু ঢাকাকে অর্থপূর্ণভাবে বিভাজন করা যায় না। তাই এখানে 'ঢাকা' শব্দটি নাম প্রকৃতি।

### ক্রিয়া প্রকৃতি

ক্রিয়ার মূলকে ক্রিয়া প্রকৃতি বা ধাতু বলে।

যেমন - √ধর্ + আ = ধরা।

এখানে ধরা ক্রিয়া পদটি গঠিত হয়েছে মূল শব্দ ধর্ শব্দটির মাধ্যমে। এখানে ধর্ হল ক্রিয়া প্রকৃতি।

### প্রত্যয়

নাম প্রকৃতি এবং ক্রিয়া প্রকৃতির সাথে যুক্ত হয়ে যে শব্দাংশ নতুন শব্দ তৈরি করে তাকে প্রত্যয় বলে।

**প্রত্যয় দুই প্রকার:**

(ক) কৃৎ প্রত্যয় ও
(খ) তদ্ধিত প্রত্যয়।

### (ক) কৃৎ প্রত্যয়:

যে শব্দাংশ ক্রিয়া প্রকৃতি অথবা ধাতুর সাথে যুক্ত হয়ে শব্দ গঠন করে তাকে কৃৎ প্রত্যয় বলে।

### (খ) তদ্ধিত প্রত্যয়:

যে শব্দাংশ নাম প্রকৃতির সাথে যুক্ত হয়ে শব্দ গঠন করে তাকে তদ্ধিত প্রত্যয় বলে।

### কৃদন্ত পদ

কৃৎ-প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় **কৃদন্ত পদ**। যেমন - 'পড়ুয়া' ও 'নাচুনে' **কৃদন্ত পদ**। তৎসম বা সংস্কৃত প্রকৃতির সঙ্গেও অনুরূপভাবে কৃৎ-প্রত্যয় যোগে **কৃদন্ত পদ** সাধিত হয়।

যেমন - √গম্ + অন = গমন, √কৃ + তব্য = কর্তব্য।

### প্রকৃতির চিহ্ন

কৃৎ প্রত্যয়ে প্রকৃতির আগে '√' চিহ্ন বসে।

### কৃৎ-প্রত্যয়

ক্রিয়ামূলকে বলা হয় ধাতু, আর ধাতুর সঙ্গে পুরুষ ও কালবাচক বিভক্তি যোগ করে গঠন করা হয় **ক্রিয়াপদ**। ধাতুর সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ তৈরি হয়, তখন (১) ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় **ক্রিয়া প্রকৃতি বা প্রকৃতি**; আর (২) ক্রিয়া প্রকৃতির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনি সমষ্টি যুক্ত হয়, তাকে কৃৎ-প্রত্যয় বলে।

যেমন- √চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন (কৃৎ-প্রত্যয়) = চলন (বিশেষ্য পদ)। √চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন্ত (কৃৎ-প্রত্যয়) = চলন্ত (বিশেষণ পদ)। **'প্রকৃতি'** কথাটি বোঝানোর জন্য প্রকৃতির আগে √ চিহ্ন ব্যবহার করা হয়। এ প্রকৃতি চিহ্নটি ব্যবহার করলে 'প্রকৃতি' শব্দটি লেখার প্রয়োজন হয় না।

যেমন - √পড়্ + উয়া = পড়ুয়া। √নাচ্ + উনে = নাচুনে।

**কৃৎ প্রত্যয় দুই প্রকার:**

(ক) সংস্কৃত কৃৎ প্রত্যয় ও
(খ) বাংলা কৃৎ প্রত্যয়।

### বাংলা কৃৎ প্রত্যয়

☑ **কৃৎ-প্রত্যয়যোগে শব্দ গঠন ঃ বাংলা**

০১. (০) **শূন্য-প্রত্যয় ঃ** কোনো প্রকার প্রত্যয়-চিহ্ন ব্যতিরেকেই কিছু ক্রিয়া-প্রকৃতি বিশেষ্য ও বিশেষণ পদ রূপে বাক্যে ব্যবহৃত হয়। এ রূপ স্থলে (০) শূন্য প্রত্যয় ধরা হয়।

যেমন- এ মোকদ্দমায় তোমার জিত্ হবে না, হার্ - ই হবে। গ্রামে খুব ধর্পাকড় চলছে।

**০২. অ-প্রত্যয় ঃ** কেবল ভাববাচ্যে অ-প্রত্যয় যুক্ত হয়।
যেমন - √ধর্ + অ = ধর, √মার্ + অ = মার।
আধুনিক বাংলায় অ-প্রত্যয় সর্বত্র উচ্চারিত হয় না।
যেমন - √হার্ + অ = হার্, √জিত্ + অ = জিত।
কোনো কোনো সময় অ-প্রত্যয়যুক্ত কৃদন্ত শব্দের দ্বিত্ব প্রয়োগ হয়। যেমন- (আসন্ন সম্ভাব্যতা অর্থে দ্বিত্বপ্রাপ্ত) √কাঁদ্ + অ = কাঁদকাঁদ (চেহারা)। এ রূপ - √পড়্ + অ = পড়পড়, √মর্ + অ = মরমর (অবস্থা) ইত্যাদি। কখনো দ্বিত্বপ্রাপ্ত কৃদন্ত পদে উ-প্রত্যয় হয়। যেমন- √ডুব্ + উ = ডুবুডুবু। √উড়্ + উ = উড়ুউড়ু

**০৩. অন্ - প্রত্যয় ঃ** ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে 'অন' প্রত্যয়ের ব্যবহার হয়।
যেমন - √কাঁদ্ + অন = কাঁদন (কান্নার ভাব)। এরূপ- নাচন, বাড়ন, ঝুলন, দোলন।

**০৪. অনা - প্রত্যয় ঃ** √দুল্ + অনা = দুলনা > দোলনা। √খেল্ + অনা = খেলনা।

**০৫. অনি, (বিকল্পে) উনি-প্রত্যয় ঃ** √চির্ + অনি = চিরনি > চিরুনি। √বাঁধ্ + অনি = বাঁধনি। √আঁট্ + অনি = আঁটনি > আঁটুনি।

**০৬. অন্ত - প্রত্যয় ঃ** বিশেষণ গঠনে 'অন্ত' প্রত্যয় হয়।
যেমন - √উড়্ + অন্ত = উড়ন্ত, √ডুব্ + অন্ত = ডুবন্ত।

**০৭. অক-প্রত্যয় ঃ** √মুড়্ + অক = মোড়ক। √ঝল্ + অক = ঝলক।

**০৮. আ-প্রত্যয় ঃ** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'আ' প্রত্যয় হয়।
যেমন- √পড়্ + আ = পড়া (পড়া বই)। এরূপ রাঁধ (বিশেষ্য), রাঁধা (বিশেষণ), কেনা, কাচা, ফোটা ইত্যাদি।

**০৯. আও-প্রত্যয়ঃ** ভাব বাচক বিশেষ্য গঠনে 'আও' প্রত্যয় যুক্ত হয়।
যেমন - √পাকড়্ + আও = পাকড়াও, √চড়্ + আও = চড়াও।

**১০. আন (আনো)- প্রত্যয়ঃ** বিশেষ্য গঠনে প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতুর পরে 'আন/আনো' প্রত্যয় হয়।
যেমন - √চাল্ + আন = চালান/চালানো।
√মান্ + আন = মানান/ মানানো।

**১১. আনি-প্রত্যয়ঃ** বিশেষ্য গঠনে প্রযুক্ত হয়।
যেমন - √জান্ + আনি = জানানি, √শুন্ + আনি = শুনানি,
√উড়্ + আনি = উড়ানি, √উড়্+ উনি = উড়ুনি।

**১২. আরি বা আরী বিকল্পে রি/উরি-প্রত্যয় ঃ** যেমন - √ডুব্ + আরি / উরি = ডুবুরী। এরূপ- ধুনারী, পূজারী ইত্যাদি।

**১৩. আল-প্রত্যয়ঃ** √মাত্ + আল = মাতাল, √ মিশ্ + আল = মিশাল।

**১৪. ই-প্রত্যয়ঃ** বিশেষ্য গঠনে 'ই' প্রত্যয় প্রযুক্ত হয়।
যথা - √ভাজ্ + ই = ভাজি, √বেড়্ + ই = বেড়ি।

**১৫. ইয়া > ইয়ে-প্রত্যয় ঃ** বিশেষণ গঠনে ইয়া/ইয়ে প্রত্যয় ব্যবহৃত হয়।
যেমন - √মর্ + ইয়া = মরিয়া (মরতে প্রস্তুত), √বল্ + ইয়ে = বলিয়ে (বাকপটু)। এরূপ - নাচিয়ে, গাইয়ে, লিখিয়ে, বাজিয়ে, কইয়ে ইত্যাদি।

**১৬. উ-প্রত্যয়ঃ** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'উ' প্রত্যয়ের প্রয়োগ হয়। যথা- √ডাক্ + উ = ডাকু, √ ঝাড়্ + উ = ঝাড়ু, √উড়্ + উ = উড়ু (দ্বিত্ব উড়ুউড়ু)।

**১৭. 'উয়া' বিকল্পে 'ও'-প্রত্যয়ঃ** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'উয়া' এবং 'ও' প্রত্যয় হয়।
যথা- √ পড়্ + উয়া = পড়ুয়া > পড়ো, √উড়্ + উয়া = উড়ুয়া > উড়ো, √উড়্ + ও = উড়ো (চিঠি)।

**১৮. তা-প্রত্যয়ঃ** বিশেষণ গঠনে 'তা' প্রত্যয় হয়।
যেমন- √ফির্ + তা = ফিরতা > ফেরতা, √পড়্ + তা = পড়তা, √বহ্ + তা = বহতা।

**১৯. না-প্রত্যয়ঃ** বিশেষ্য গঠনে 'না' প্রত্যয় যুক্ত হয়।
যেমন- √কাঁদ্ + না = কাঁদনা > কান্না, √রাঁধ্ + না = রাঁধনা > রান্না। এরূপ - ঝরনা ইত্যাদি।

## ☑ সংস্কৃত কৃৎপ্রত্যয়

**০১. অনট্-প্রত্যয় ঃ ('ট' ইৎ হয়, 'অন' থাকে. ঃ** √নী + অনট্ = √নী + অন > নে + অন (গুণসূত্রে) = নয়ন। √শ্রু + অনট্ = √শ্রু + অন (গুণ ও সন্ধির ফলে) = শ্রবণ। এরূপ- স্থান, ভোজন, নর্তন, দর্শন ইত্যাদি।

**০২. ক্ত-প্রত্যয় ('ক্' ইৎ 'ত' থাকে)ঃ** জ্ঞা + ক্ত (জ্ঞা + ত) = জ্ঞাত, √খ্যা + ক্ত = খ্যাত।

**০৩. ক্তি - প্রত্যয় ('ক' ইৎ 'তি' থাকে) ঃ** √গম্ + ক্তি = গম + তি = গতি (এখানে 'ম' লোপ হয়েছে)

**০৪. তব্য ও অনীয় প্রত্যয় ঃ** কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে (ক) তব্য ও (খ) অনীয় প্রত্যয় হয়।
**(ক) তব্য ঃ** √কৃ + তব্য = কর্তব্য, √দা + তব্য = দাতব্য, √পঠ্ + তব্য = পঠিতব্য।
**(খ) অনীয় ঃ** √কৃ + অনীয় = করণীয়, √রক্ষ্ + অনীয় = রক্ষণীয়। এ রূপ - দর্শনীয়, পানীয়, শ্রবণীয়, পালনীয় ইত্যাদি।

**০৫. তৃচ্-প্রত্যয় ('চ' ইৎ 'তৃ' থাকে. ঃ** প্রথমা একবচনে 'তৃ' স্থলে 'তা' হয়।
যেমন- √দা + তৃচ্ = দা + তা = দাতা, √মা + তৃচ্ = মাতা, √ক্রী + তৃচ্ = ক্রেতা।

**০৬. ণক-প্রত্যয় ('ণ' ইৎ 'অক' থাকে. ঃ** √পঠ্ + ণক = √পঠ + অক = পাঠক। মূল স্বরের বৃদ্ধি হয়ে 'অ' স্থানে 'আ' হয়েছে।
যেমন - √নী + ণক = (নৈ + অক - প্রথম স্বরের বৃদ্ধি) নায়ক, √গৈ + ণক = গায়ক, √লিখ্ + ণক = লেখক ইত্যাদি।

**০৭. ঘ্যণ্-প্রত্যয় [ঘ, ণ-ইৎ, য (য-ফলা) থাকে] ঃ** কর্ম ও ভাব বাচ্যে ঘ্যণ্ হয়। যথা - √কৃ + ঘ্যণ্ = কার্য্য > কার্য, √ধৃ + ঘ্যণ্ = ধার্য। এরূপ - পরিহার্য, বাচ্য, ভোজ্য, যোগ্য, হাস্য ইত্যাদি।

**০৮. য-প্রত্যয় ঃ** কর্ম ও ভাববাচ্যে যোগ্যতা ও ঔচিত্য অর্থে 'য' প্রত্যয় প্রযুক্ত হয়। 'য' যুক্ত হলে আ-কারান্ত ধাতুর আ-কার স্থলে এ -কারান্ত হয় এবং 'য' 'য়' হয়।
যেমন- √দা + য = √দা > দে + য > য় = দেয়। √হা + য = হেয়। এরূপ - বিধেয়, অজেয়, পরিমেয়, অনুমেয় ইত্যাদি।

**০৯. ণিন-প্রত্যয় (ণ ইৎ, ইন্ থাকে, ইন্ 'ঈ'-কার হয়) ঃ** √গ্রহ + ণিন = গ্রাহী, √পা + ণিন = পায়ী, এরূপ- কারী, দ্রোহী, সত্যবাদী, ভাবী, স্থায়ী, গামী। কিন্তু 'ণিন' যুক্ত হলে 'হন' ধাতুর স্থলে 'ঘাত' হয়। যথা- আত্ম + √হন্ + ণিন = আত্মঘাতী।

**১০. ইন-প্রত্যয় (ইন্ = ঈ-কার হয়) ঃ** √শ্রম্ + ইন্ = শ্রমী।

**১১. অল্-প্রত্যয় (ল ইৎ, অ থাকে) ঃ** √জি + অল্ = জয়, √ক্ষি + অল্ = ক্ষয়। এরূপ - ভয়, নিচয়, বিনয়, ভেদ।
**ব্যতিক্রমঃ** √হন্ + অল্ = বধ।

☑ **কৃদন্ত বিশেষণ গঠনে কতিপয় কৃৎ-প্রত্যয় :**

১. **ইষ্ণু-প্রত্যয় ঃ** √চল্ + ইষ্ণু = চলিষ্ণু। এরূপ = ক্ষয়িষ্ণু, বর্ধিষ্ণু।

২. **বর-প্রত্যয় ঃ** √ঈশ্ + বর = ঈশ্বর, √ভাস্ + বর = ভাস্বর। এরূপ- নশ্বর, স্থাবর।

৩. **র-প্রত্যয় ঃ** √হিন্ - স্ + র = হিংস্র, √নম্ + র = নম্র।

৪. **উক/উক-প্রত্যয় ঃ** √ভূ + উক = (ভৌ + উক ) = ভাবুক, √জাগৃ + উক = (জাগর + উ) জাগরূক।

৫. **শানচ্-প্রত্যয় ('শ' ও 'চ' ইৎ, 'আন' বিকল্পে 'মান' থাকে)ঃ** √দীপ্ + শানচ্ = দীপ্যমান। এরূপ- √চল্ + শানচ্ = চলমান, √বৃধ + শানচ্ = বর্ধমান।

৬. **ঘঞ-প্রত্যয় [কৃদন্ত বিশেষ্য গঠনে], (ঘ্ এবং ঞ ইৎ, 'অ' থাকে)ঃ** √বস্+ঘঞ = বাস, √যুজ্+ঘঞ = যোগ, √ক্রুধ্ + ঘঞ = ক্রোধ, √খদ্ + ঘঞ = খেদ, √ভিদ্ + ঘঞ = ভেদ।

## তদ্ধিত প্রত্যয়

প্রাতিপদিক শব্দের সঙ্গে (শেষে) যে সব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদের **তদ্ধিত প্রত্যয়** বলা হয়।

প্রাতিপদিক- বিভক্তিহীন নাম শব্দকে বলা হয় **প্রাতিপদিক**। প্রাতিপদিক তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি বলে প্রাতিপদিককে **নাম প্রকৃতিও** বলা হয়। ধাতু যেমন কৃৎ-প্রত্যয়ের প্রকৃতি, তেমনি প্রাতিপদিকও তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি। প্রত্যয় যুক্ত হলে ধাতুকে বলা হয় **ক্রিয়া প্রকৃতি** এবং প্রাতিপদিককে বলা হয় **নাম প্রকৃতি**।

**বাংলা ভাষায় তদ্ধিত প্রত্যয় তিন প্রকার–**

ক. বাংলা তদ্ধিত প্রত্যয়।
খ. বিদেশি তদ্ধিত প্রত্যয়।
গ. তৎসম বা সংস্কৃত তদ্ধিত প্রত্যয়।

### (ক) বাংলা তদ্ধিত প্রত্যয় :

১. **আ-প্রত্যয় ঃ**

(ক) অবজ্ঞার্থে ঃ চোর + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা।
(খ) বৃহদার্থে ঃ ডিঙি + আ = ডিঙা (সপ্তডিঙা মধুকর)
(গ) সদৃশ অর্থে ঃ বাঘ্ + আ = বাঘা, হাত্ + আ = হাতা।
(ঘ) 'তাতে আছে' বা 'তার আছে' অর্থে ঃ জল্ + আ = জলা, গোদ্ + আ = গোদা।
(ঙ) সমষ্টি অর্থেঃ বিশ্ > বিশা (বিশ + আ) , বাইশ্ > বাইশা (বাইশ + আ) (মাসের বাইশা) > বাইশে।
(চ) স্বার্থে ঃ জট্ + আ = জটা, চোখ্ + আ = চোখা, চাক্ + আ = চাকা।
(ছ) ক্রিয়াবাচক বিশেষ্য গঠনেঃ হাজির + আ = হাজিরা, চাষ + আ = চাষা।
(জ) জাত ও আগত অর্থে ঃ মহিষ > ভাইস – ভয়সা (ঘি), দখিন + আ = দখিনা > দখনে (হাওয়া)।

২. **আই- প্রত্যয় ঃ**

(ক) ভাববাচক বিশেষ্য গঠনে ঃ বড় + আই = বড়াই, চড়া + আই = চড়াই।
(খ) আদরার্থে ঃ কানু + আই = কানাই, নিম + আই = নিমাই।
(গ) স্ত্রী বা পুরুষবাচক শব্দের বিপরীত বোঝাতেঃ বোন + আই = বোনাই, ননদ+আই = নন্দাই, জেঠা+আই = জেঠাই (মা)।
(ঘ) সমগুণবাচক বিশেষ্য গঠনেঃ মিঠা + আই = মিঠাই।
(ঙ) জাত অর্থেঃ ঢাকা + আই = ঢাকাই (জামদানি), পাবনা + আই = পাবনাই (শাড়ি)।
(চ) বিশেষণ গঠনেঃ চোর + আই = চোরাই (মাল), মোগল + আই = মোগলাই (পরোটা)।

৩. **আনো- প্রত্যয় ঃ**

(ক) বেত + আনো = বেতানো, পেট + আনো = পেটানো।

৪. **আমি/আম/আমো/মি-প্রত্যয় ঃ**

(ক) **ভাব অর্থেঃ** ইতর্ + আমি = ইতরামি, পাগল্ + আমি = পাগলামি, চোর্ + আমি = চোরামি, বাঁদর্ + আমি = বাঁদরামি, ফাজিল্ + আমো = ফাজলামো।
(খ) **বৃত্তি (জীবিকা) অর্থেঃ** ঠক্ + আমো = ঠকামো (ঠকের বৃত্তি বা ভাব), ঘর্ + আমি = ঘরামি।
(গ) **নিন্দা জ্ঞাপনঃ** জেঠা+আমি = জেঠামি, ছেলে+আমি = ছেলেমি।

৫. **ই/ঈ-প্রত্যয়ঃ**

(ক) **ভাব অর্থেঃ** বাহাদুর + ই = বাহাদুরি, উমেদার+ই = উমেদারি।
(খ) **বৃত্তি বা ব্যবসায় অর্থে ঃ** ডাক্তার+ই = ডাক্তারি, মোক্তার+ই= মোক্তারি, পোদ্দার+ই = পোদ্দারি, ব্যাপার+ই = ব্যাপারি।
(গ) **মালিক অর্থেঃ** জমিদার = জমিদারি, দোকান = দোকানি।
(ঘ) **জাত, আগত, বা সম্বন্ধ বোঝাতেঃ** ভাগলপুর + ই = ভাগলপুরি, মাদ্রাজ + ই = মাদ্রাজি, রেশম + ই = রেশমি, সরকার + ই = সরকারি (সম্বন্ধ বাচক)।

৬. **ইয়া > এ-প্রত্যয় ঃ**

(ক) **তৎকালীনতা বোঝাতেঃ** সে কাল + এ = সেকেলে, এ কাল + এ = একেলে, ভাদর + ইয়া = ভাদরিয়া > ভাদুরে (কই মাছ)।
(খ) **উপকরণ বোঝাতেঃ** পাথর + ইয়া = পাথরিয়া > পাথুরে, মাটি + এ = মেটে, বালি + এ = বেলে।
(গ) **উপজীবিকা অর্থেঃ** জাল + ইয়া = জালিয়া > জেলে, মেট + এ = মুটে।
(ঘ) **নৈপুণ্য বোঝাতেঃ** খুন+ইয়া = খুনিয়া > খুনে, দেমাক = দেমাকে, না (নৌকা) + ইয়া = নাইয়া > নেয়ে।
(ঙ) **অব্যয়জাত বিশেষণ গঠনেঃ** টনটন = টনটনে (জ্ঞান), কনকন + এ = কনকনে (শীত), গনগন + এ = গনগনে (আগুন), চকচক + এ = চকচকে (জুতা)।

৭. **উয়া > ও-প্রত্যয় ঃ**

(ক) **রোগগ্রস্ত অর্থেঃ** জ্বর + উয়া = জ্বরুয়া > জ্বরো। বাত + উয়া = বাতুয়া > বেতো (ঘোড়া)
(খ) **যুক্ত অর্থেঃ** টাক + উয়া = টাকুয়া > টেকো।
(গ) **সেই উপকরণে নির্মিত অর্থে ঃ** খড় + উয়া = খাড়ুয়া > খড়ো।
(ঘ) **জাত অর্থেঃ** ধান + উয়া = ধানুয়া > ধেনো।
(ঙ) **সংশ্লিষ্ট অর্থেঃ** মাঠ + উয়া = মেঠো, গাঁ – গাঁইয়া > গেঁয়ো।
(চ) **উপজীবিকা অর্থেঃ** মাছ্ – মাছুয়া > মেছো।
(ছ) **বিশেষণ গঠনেঃ** দাঁত – দেঁতো (হাসি), ছাঁদ = ছেঁদো (কথা), তেল = তেলা (মাথা), কুঁজ্ – কুঁজো (লোক)।

৮. **উ-প্রত্যয়ঃ বিশেষণ গঠনেঃ** ঢাল্ + উ = ঢালু, কল্ + উ = কলু।

৯. **উক – প্রত্যয়ঃ** বিশেষণ গঠনেঃ লাজ্+উক– লাজুক, মিশ্+উক– মিশুক, মিথ্যা+উক– মিথ্যুক।

১০. **আরি / আরী/আরু – প্রত্যয়ঃ** বিশেষণ গঠনেঃ ভিখ্ – ভিখারী, শাঁখ্ – শাঁখারী, বোমা – বোমারু।

১১. **আলি/আলো/আলি > এর-প্রত্যয়ঃ বিশেষ্য ও বিশেষণ গঠনে ঃ** দাঁত্ – দাঁতাল, লাঠি – লাঠিয়াল > লেঠেল, তেজ্ - তেজাল, ধার্ - ধারাল, শাঁস্ – শাঁসাল, জমক্ - জমকালো, দুধ্ - দুধাল > দুধেল, হিম্ - হিমেল, চতুর্ - চুতরালি, ঘটক্ - ঘটকালি, সিদ্ - সিঁদেল, গাঁজা - গেঁজেল।

১২. **উরিয়া > উড়িয়া/উড়ে/রে-প্রত্যয় ঃ** হাট-হাটুরিয়া > হাটুরে, সাপ্ - সাপুড়িয়া > সাপুড়ে, কাঠ্ - কাঠুরে।

১৩. **উড়-প্রত্যয়ঃ অর্থহীন ভাবেঃ** লেজ - লেজুড়।

১৪. উয়া / ওয়া > **ও-প্রত্যয় ঃ সম্পর্কিত অর্থেঃ** ঘর্ + ওয়া = ঘরোয়া, জল্ + উয়া = জলুয়া > জলো (দুধ)।

১৫. **আটিয়া/টে - প্রত্যয় ঃ বিশেষণ গঠনেঃ** তামা - তামাটিয়া > তামাটে, ঝগড়া-ঝগড়াটে, ভাড়া-ভাড়াটে, রোগা-রোগাটে।

১৬. **অট > ট প্রত্যয়ঃ স্বার্থে ঃ** ভরা – ভরাট, জমা – জমাট।

১৭. **লা-প্রত্যয়ঃ** (ক) বিশেষণ গঠনেঃ মেঘ্ – মেঘলা।
(খ) স্বার্থেঃ এক্ – একলা, আধ্ – আধলা।

## (খ) বিদেশি তদ্ধিত প্রত্যয় :

০১. **ওয়ালা > আলা (হিন্দি) ঃ** বাড়ি - বাড়িওলা (মালিক অর্থে), দিল্লি - দিল্লিওয়ালা (অধিবাসী অর্থে), মাছ - মাছওয়ালা (বৃত্তি অর্থে), দুধ্ - দুধওয়ালা (বৃত্তি অর্থে)।

০২. **ওয়ান > আন (হিন্দি) ঃ** গাড়ি - গাড়োয়ান, দার-দারোয়ান।

০৩. **আনা > আনি (হিন্দি) ঃ** মুনশি-মুনশিআনা, বিবি-বিবিআনা, হিন্দু-হিন্দুয়ানি।

০৪. **পনা (হিন্দি)ঃ** ছেলে-ছেলেপনা, গিন্নী-গিন্নীপনা, বেহায়া-বেহায়াপনা।

০৫. **সা > সে (হিন্দি)ঃ** পানি-পানসা > পানসে, এক-একসা, কাল (কাল)-কালসা, কালসে।

০৬. **গর > কর (ফারসি)ঃ** কারিগর, বাজিকর, সওদাগর।

০৭. **দার > (ফারসি)ঃ** তাঁবেদার, খবরদার, বুটিদার, দেনাদার, চৌকিদার, পাহারাদার।

০৮. **বাজ (দক্ষ অর্থে-ফারসি)ঃ** কলমবাজ, ধোঁকাবাজ, গলাবাজ + ই = গলাবাজি (বিশেষ্য)।

০৯. **বন্দী (বন্দ্ - ফারসি)ঃ** জবানবন্দি, সারিবন্দি, নজরবন্দি, কোমরবন্দ।

১০. **সইঃ** মত অর্থেঃ জুতসই, মানানসই, চলনসই, টেকসই।

## (গ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় :

১. **ইত-প্রত্যয় ঃ উপকরণজাত বিশেষণ গঠনেঃ**
কুসুম + ইত = কুসুমিত, তরঙ্গ + ইত = তরঙ্গিত, কণ্টক + ইত = কণ্টকিত।

২. **ইমন্-প্রত্যয় ঃ বিশেষ্য গঠনে**
নীল + ইমন্ = নীলিমা। এরূপ- মহৎ + ইমন্ = মহিমা।

৩. **ইল-প্রত্যয় ঃ উপকরণজাত বিশেষণ গঠনে**
পঙ্ক+ইল = পঙ্কিল, উর্মি+ইল = উর্মিল, ফেন + ইল = ফেনিল।

৪. **ইষ্ঠ-প্রত্যয় ঃ অতিশায়নে**
গুরু + ইষ্ঠ = গরিষ্ঠ, লঘু + ইষ্ঠ = লঘিষ্ঠ।

৫. **ইন (ঈ)-প্রত্যয় ঃ সাধারণ বিশেষণ গঠনে**
জ্ঞান + ইন্ = জ্ঞানিন্ সুখ + ইন্ = সুখিন্
গুণ + ইন্ = গুণিন্ মান + ইন্ = মানিন্।

৬. **তা ও ত্ব - প্রত্যয় ঃ বিশেষ্য গঠনে**
বন্ধু + তা = বন্ধুতা, শত্রু + তা = শত্রুতা,
বন্ধু + ত্ব = বন্ধুত্ব, গুরু + ত্ব = গুরুত্ব,
ঘন + ত্ব = ঘনত্ব, মহৎ + ত্ব = মহত্ত্ব

৭. **তর ও তম - প্রত্যয় ঃ অতিশায়নে**
মধুর – মধুরতর, মধুরতম। প্রিয় – প্রিয়তর, প্রিয়তম।

৮. **নীন (ঈন্) প্রত্যয় ঃ তৎসম্পর্কিত অর্থে বিশেষণ গঠনে**
সর্বজন+নীন = সর্বজনীন, কুল+নীন = কুলীন, নব+নীন = নবীন।

৯. **নীয় (ঈয়)-প্রত্যয় ঃ বিশেষণ গঠনে**
জল + নীয় = জলীয়, বায়ু + নীয় = বায়বীয়,
বর্ষ + নীয় = বর্ষীয়।

১০. **বতুপ্ (বৎ) এবং মতুপ্ (মৎ)-প্রত্যয় [প্রথমার এক বচনে যথাক্রমে 'বান্' এবং 'মান্' হয়] ঃ বিশেষণ গঠনে**
গুণ + বতুপ্ = গুণবান, দয়া + বতুপ্ = দয়াবান।
শ্রী + মতুপ্ = শ্রীমান, বুদ্ধি + মতুপ্ = বুদ্ধিমান।

১১. **বিন (বী)-প্রত্যয় ঃ আছে অর্থে বিশেষণ গঠনে**
মেধা + বিন্ = মেধাবী, মায়া + বিন্ = মায়াবী,
তেজঃ + বিন্ = তেজস্বী, যশঃ + বিন্ = যশস্বী।

১২. **র-প্রত্যয় ঃ বিশেষ্য গঠনেঃ** মধু + র = মধুর, মুখ্ + র = মুখর।

১৩. **ল-প্রত্যয় ঃ বিশেষ্য গঠনেঃ** শীত্+ল = শীতল, বৎস্+ল = বৎসল।

১৪. **ষ্ণ (অ)-প্রত্যয়**
(ক) **অপত্য অর্থেঃ** মনু + ষ্ণ = মানব, যাদু + ষ্ণ = যাদব।
(খ) **উপাসক অর্থেঃ** শিব্+ষ্ণ = শৈব, জিন্ + ষ্ণ = জৈন।
এরূপ ঃ শক্তি-শাক্ত, বুদ্ধ-বৌদ্ধ, বিষ্ণু - বৈষ্ণব।
(গ) **ভাব অর্থেঃ** শিশু + ষ্ণ = শৈশব, গুরু + ষ্ণ = গৌরব, কিশোর + ষ্ণ = কৈশোর।
(ঘ) **সম্পর্কে বোঝাতে ঃ** পৃথিবী + ষ্ণ = পার্থিব, দেব + ষ্ণ = দৈব, চিত্র (একটি নক্ষত্রের নাম) + ষ্ণ = চৈত্র।

১৫. **ষ্ণ্য (য)-প্রত্যয় ঃ**
(ক) **অপত্যার্থে ঃ** মনু + ষ্ণ্য = মনুষ্য,
জমদগ্নি + ষ্ণ্য = জামদগ্ন্য।
(খ) **ভাবার্থে ঃ** সুন্দর + ষ্ণ্য = সৌন্দর্য, শূর + ষ্ণ্য = শৌর্য।
ধীর + ষ্ণ = ধৈর্য, কুমার + ষ্ণ্য = কৌমার্য।
(গ) **বিশেষণ গঠনে ঃ** পর্বত + ষ্ণ্য = পার্বত্য, বেদ + ষ্ণ্য = বৈদ্য।

১৬. **ষ্ণি (ই)-প্রত্যয় ঃ অপত্য অর্থে ঃ**
রাবণ + ষ্ণি = রাবণি (রাবণের পুত্র), দশরথ + ষ্ণি = দাশরথি।

১৭. **ষ্ণিক (ইক)-প্রত্যয় ঃ**
(ক) **দক্ষ বা বেত্তা অর্থে ঃ** সাহিত্য + ষ্ণিক = সাহিত্যিক, বেদ + ষ্ণিক = বৈদিক, বিজ্ঞান + ষ্ণিক = বৈজ্ঞানিক।
(খ) **বিষয়ক অর্থেঃ** সমুদ্র + ষ্ণিক = সামুদ্রিক, নগর-নাগরিক, মাস-মাসিক, ধর্ম-ধার্মিক, সমর-সামরিক, সমাজ-সামাজিক।
(গ) **বিশেষণ গঠনে ঃ** হেমন্ত + ষ্ণিক = হৈমন্তিক, অকস্মাৎ + ষ্ণিক = আকস্মিক।

১৮. **ষ্ণেয় (এয়)-প্রত্যয় ঃ** ভগিনী + ষ্ণেয় = ভাগিনেয়, অগ্নি + ষ্ণেয় = আগ্নেয়, বিমাতৃ (বিমাতা) + ষ্ণেয় = বৈমাত্রেয়।



## এক কথায় উত্তর

**১. ক্রিয়ার মূলকে কী বলে?**
**উত্তর:** ধাতু।

**২. বিভক্তিহীন নাম শব্দ কী বলা হয়?**
**উত্তর:** প্রাতিপদিক।

**৩. প্রকৃতি কী?**
**উত্তর:** ক্রিয়া বা শব্দের মূল।

**৪. প্রকৃতি কয় প্রকার?**
**উত্তর:** ২ প্রকার।

**৫. যে শব্দাংশ নাম প্রকৃতির সাথে যুক্ত হয়ে শব্দ গঠন করে তাকে বলা হয়-**
**উত্তর:** তদ্ধিত প্রত্যয়।

**৬. কৃৎ-প্রত্যয় সাধিত পদ-**
**উত্তর:** কৃদন্ত পদ।

**৭. যে বর্ণ বা বর্ণ সমষ্টি শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-**
**উত্তর:** প্রত্যয়।

**৮. 'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
**উত্তর:** প্রিয় + ইমন।

**৯. বর্ধিষ্ণু শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
**উত্তর:** বৃধ্ + ইষ্ণু।

**১০. কৃৎ প্রত্যয়ের উদাহরণ কোনটি?**
**উত্তর:** খেলনা।

**১১. 'ফোড়ন' শব্দটি গঠিত হয়েছে-**
**উত্তর:** প্রত্যয়যোগে।

**১২. কৃৎ প্রত্যয় কত প্রকার?**
**উত্তর:** ২ প্রকার।

**১৩. 'জনক' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**
**উত্তর:** জনি + ণক।

**১৪. 'ছিন্ন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
**উত্তর:** ছিদ্ + ক্ত।

**১৫. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
**উত্তর:** √শ্রু+ অন।

**১৬. 'বাঁধ + অন = বাঁধন' কোন শব্দ?**
**উত্তর:** কৃদন্ত শব্দ।

**১৭. 'সৃষ্টি' শব্দের প্রকৃতি প্রত্যয়-**
**উত্তর:** √সৃজ্ + তি।

**১৮. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?**
**উত্তর:** মিশ্ + উক।

**১৯. শ্রদ্ধা শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**
**উত্তর:** শ্রৎ + √ধা + অ + আ।

**২০. যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-**
**উত্তর:** কৃৎ প্রত্যয়।

**২১. যে বর্ণ বা বর্ণ সমষ্টি নাম বা শব্দের সঙ্গে বা শেষে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-**
**উত্তর:** তদ্ধিত প্রত্যয়।

**২২. তদ্ধিত প্রত্যয় কত প্রকার?**
**উত্তর:** ৩ প্রকার।

**২৩. কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?**
**উত্তর:** জেলে।

**২৪. ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়?**
**উত্তর:** আই।

**২৫. তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সাথে যুক্ত হয়?**
**উত্তর:** নাম প্রকৃতি।

**২৬. 'চাকরাণী' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?**
**উত্তর:** আনী।

**২৭. 'যশস্বী' শব্দটির প্রকৃতি-প্রত্যয় কোনটি?**
**উত্তর:** যশঃ + বিন।

**২৮. 'দ্বৈপায়ন' শব্দের প্রকৃতি প্রত্যয়-**
**উত্তর:** দ্বীপ + অয়ন।

**২৯. কোন শব্দটিতে বিদেশী প্রত্যয়ের প্রয়োগ ঘটেছে?**
**উত্তর:** চালবাজ।

**৩০. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ?**
**উত্তর:** সৌর।



## Teacher's Work

**১. ক্রিয়াপদের মূল অংশকে কী বলে?** [১২, ১০তম বিসিএস]
ⓚ বিভক্তি ⓚ কারক
ⓖ ধাতু ⓖ প্রত্যয়

| | | |
|---|---|---|
| ক বিভক্তি | খ কারক | |
| গ ধাতু | ঘ প্রত্যয় | গ |

**২. বিভক্তিহীন নাম শব্দকে বলে-** [৩৯, ১৮তম বিসিএস]

| | | |
|---|---|---|
| ক প্রাতিপদিক | খ সাধিতপদ | |
| গ নামপদ | ঘ ক্রিয়াপদ | ক |

**৩. কোনটি নামধাতুর উদাহরণ?** [৪৩তম বিসিএস]

| | | |
|---|---|---|
| ক চল্ | খ কর্ | |
| গ বেতা | ঘ পড়্ | গ |

**৪. নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?** [৪৪তম বিসিএস]

| | | |
|---|---|---|
| ক কহ্ | খ কথ | |
| গ বুধ্ | ঘ গঠ্ | ক |

**৫. কৃদন্ত পদের পূর্ববর্তী পদকে কী বলে?** [৪৫তম বিসিএস]

| | | |
|---|---|---|
| ক উপপদ | খ প্রাতিপাদিক | |
| গ প্রপদ | ঘ পূর্বপদ | ক |

**৬. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে-**

| | | |
|---|---|---|
| ক ধাতু প্রত্যয় | খ শব্দ প্রত্যয় | |
| গ কৃৎ প্রত্যয় | ঘ তদ্ধিত প্রত্যয় | গ |

**৭. 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**

| | | |
|---|---|---|
| ক দুল্ + অনা | খ দোল্ + না | |
| গ দোল্ + অনা | ঘ দোলনা + আ | ক |

**৮. 'শ্রদ্ধা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**

| | | |
|---|---|---|
| ক শ্রৎ + √ধা + আ | খ শ্রৎ + √ধা + অ + আ | |
| গ শ্র + √ধা + আ | ঘ শ্রু + √ধা + আ | খ |

**৯. কোনটি সঠিক প্রকৃতি প্রত্যয়?**

| | | |
|---|---|---|
| ক. কার + তব্য | খ কর + তব্য | |
| গ. কর্ + তব্য | ঘ কৃ + তব্য | ঘ |

**১০. বক্তব্য-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**

| | | |
|---|---|---|
| ক. √বক + তব্য | খ √বক + অব্য | |
| গ. √বক্ত + ব্য | ঘ √বচ্ + তব্য | ঘ |





# সংখ্যাচাক শব্দ

সংখ্যা মানে গণনা বা গণনা দ্বারা লব্ধ ধারণা। সংখ্যা গণনার মূল একক 'এক'। কাজেই সংখ্যাবাচক শব্দে এক, একাধিক, প্রথম, প্রাথমিক ইত্যাদির ধারণা করতে পারি। যেমন: এক টাকা, দশ টাকা। এক টাকাকে এক এক করে দশ বার নিলে হয় দশ টাকা।

**সংখ্যাবাচক শব্দ চার প্রকার:**

১। অঙ্কবাচক
২। পরিমাণ বা গণনাবাচক,
৩। ক্রম বা পূরণবাচক
৪। তারিখবাচক

### অঙ্কবাচক সংখ্যা

আমরা যখন সংখ্যা গণনা করি, তার সাংকেতিক চিহ্নকে অঙ্ক বাচক সংখ্যা বলে। যেমন ১, ২১, ১১২, ৪১ ইত্যাদি।

### পরিমাণ বা গণনা বাচক সংখ্যা

একাধিকবার একই একক গণনা করলে যে সমষ্টি পাওয়া যায় তাই পরিমাণ বা গণনাবাচক সংখ্যা। যেমন- সপ্তাহ বলতে আমরা সাত দিনের সমষ্টি বুঝে থাকি। এখানে-সাতটি দিন সাতটি একক মিলে হয়েছে সপ্তাহ। এছাড়া- পনের, ষোল, চল্লিশ, ষাট ইত্যাদি।

### ক্রম বা পূরণ বাচক সংখ্যা

একই সারি, দল বা শ্রেণিতে অবস্থিত কোনো ব্যক্তি বা বস্তুর সংখ্যার ক্রম বা পর্যায় বোঝাতে ক্রম বা পূরণবাচক সংখ্যা ব্যবহৃত হয়। যেমন- **দ্বিতীয়** লোকটিকে ডাক। এখানে গণনায় এক জনের পরের লোকটিকে বোঝানো হয়েছে। **দ্বিতীয়** লোকটির আগের লোকটিকে বলা হয় **'প্রথম'** এবং **প্রথম** লোকটির পরের লোকটিকে বলা হয় দ্বিতীয়। এ রূপ-তৃতীয়, চতুর্থ ইত্যাদি।

### তারিখ বাচক সংখ্যা

বাংলা মাসের তারিখ বোঝাতে যে সংখ্যাবাচক শব্দ ব্যবহৃত হয়, তাকে তারিখবাচক শব্দ বলে।
যেমন- পয়লা বৈশাখ, বাইশে শ্রাবণ ইত্যাদি। তারিখবাচক শব্দের প্রথম চারটি অর্থাৎ ১ থেকে ৪ পর্যন্ত হিন্দি নিয়মে সাধিত হয়। বাকি শব্দ বাংলার নিজস্ব ভঙ্গিতে গঠিত।

### পূর্ণসংখ্যার ন্যূনতা বা আধিক্য বাচক 'সংখ্যা শব্দ'-

☑ এক এককের চার ভাগের এক ভাগ $\left(\frac{১}{৪}\right)$ = চৌথা, সিকি বা পোয়া।

☑ এক এককের তিন ভাগের এক ভাগ $\left(\frac{১}{৩}\right)$ = তেহাই।

☑ এক এককের দুই ভাগের এক ভাগ $\left(\frac{১}{২}\right)$ = অর্ধ বা আধা।

☑ এক এককের আট ভাগের এক ভাগ $\left(\frac{১}{৮}\right)$ = আট ভাগের এক বা এক অষ্টমাংশ।

☑ তেমনি- এক পঞ্চমাংশ $\left(\frac{১}{৫}\right)$, এক দশমাংশ $\left(\frac{১}{১০}\right)$ ইত্যাদি।

এ সবের আরও ভাগুতি হলে, যেমন- চার ভাগের তিন $\left(\frac{৩}{৪}\right)$ = তিন চতুর্থাংশ।

আট ভাগের তিন $\left(\frac{৩}{৮}\right)$ = তিন অষ্টমাংশ ইত্যাদি।

এক এককের $\left(\frac{৩}{৪}\right)$ কে পরবর্তী সংখ্যার পৌনে বলা হয়।

☑ যেমন- পৌনে তিন = $\left(২\frac{৩}{৪}\right)$, পৌনে ছয় = $\left(৫\frac{৩}{৪}\right)$ ইত্যাদি।

☑ পৌনে অর্থ পোয়া অংশ বা এক চতুর্থাংশ $\left(\frac{১}{৪}\right)$ কম।

অর্থাৎ পৌনে = $১ - \frac{১}{৪} = \frac{৩}{৪}$।

☑ সওয়া = $১\frac{১}{৪}$ (সওয়া বা সোয়া এক)

☑ দেড় = $১\frac{১}{২} = \frac{১}{২}$ কম ২।

☑ আড়াই = $২\frac{১}{২} = \frac{১}{২}$ কম ৩।

☑ এ গুলো ছাড়া অর্ধযুক্ত থাকলে সর্বত্র 'সাড়ে' বলা হয়।

যেমন- $৩\frac{১}{২}$ = সাড়ে তিন, $৪\frac{১}{২}$ = সাড়ে চার ইত্যাদি।

| অঙ্ক বা সংখ্যা | গণনাবাচক | পূরণবাচক/ ক্রমবাচক | তারিখ বাচক |
|---|---|---|---|
| ১ | এক | প্রথম | পহেলা |
| ২ | দুই | দ্বিতীয় | দোসরা |
| ৩ | তিন | তৃতীয় | তেসরা |
| ৪ | চার | চতুর্থ | চৌঠা |
| ৫ | পাঁচ | পঞ্চম | পাঁচই |
| ৬ | ছয় | ষষ্ঠ | ছয়ই |
| ৭ | সাত | সপ্তম | সাতই |
| ৮ | আট | অষ্টম | আটই |
| ৯ | নয় | নবম | নয়ই |
| ২০ | বিশ/কুড়ি | বিংশ | বিশই |

## এক কথায় উত্তর

১. **সংখ্যা গণনার মূল একক কী?**
**উত্তর:** 'এক'।

২. **ক্রমবাচক শব্দের অপর নাম কী?**
**উত্তর:** পূরণবাচক।

৩. **'চৌঠা' কোন বাচক শব্দ?**
**উত্তর:** তারিখ বাচক শব্দ।

৪. **'পঞ্চম' শব্দটি কোন ধরনের সংখ্যাবাচক শব্দ?**
**উত্তর:** পূরণবাচক।

৫. **'পয়লা বৈশাখ' কোন সংখ্যাবাচক শব্দ?**
**উত্তর:** তারিখ বাচক।

৬. **'তেসরা' শব্দটি কোন সংখ্যাবাচক শব্দ?**
**উত্তর:** তারিখ বাচক।

৭. **সংখ্যা বাচক শব্দ কত প্রকার?**
**উত্তর:** ৪ প্রকার।

## Teacher's Work

১. **'সপ্তাহ' কোন প্রকারের শব্দ?** (কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ'২১)
ক অংকবাচক খ গুণবাচক
গ ক্রমবাচক ঘ গণনাবাচক **ঘ**

২. **'বার' সংখ্যাটির তারিখবাচক কোনটি?** (প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার'১৪)
ক বারতম খ বারশ
গ বারই ঘ দ্বাদশ **গ**

৩. **'সিকি' কোন ধরনের শব্দ?** (ডাক বিভাগের পোস্টাল অপারেটর'২৩; রূপালী ব্যাংক সিনিয়র (ফাইন্যান্সিয়াল এনলিস্ট)'২০)
ক অংকবাচক খ গণনাবাচক
গ পূরণবাচক ঘ তারিখবাচক **খ**

৪. **'নবনবতিতম' কোন সংখ্যার পূরণবাচক সংখ্যাশব্দ?** (প্রবাসী কল্যাণ ব্যাংক অফিসার (ক্যাশ)'২১)
ক ৪৯ খ ৯০ গ ৯৯ ঘ ১০৯ **গ**

৫. **'পহেলা' কোন ধরনের শব্দ?** (টিটিসি'র ইন্সট্রাক্টর'২২)
ক সংখ্যা বাচক খ গণনা বাচক
গ পূরণ বাচক ঘ তারিখ বাচক **ঘ**

# সমার্থক শব্দ

সমার্থক (সম + অর্থ + ক) শব্দের অর্থ হল সমার্থবোধক, সমার্থজ্ঞাপক, সমার্থসূচক, একার্থবোধক, এক বা অনুরূপ অর্থ বিশিষ্ট। অর্থাৎ যে সব শব্দ একই অর্থ প্রকাশ করে বা একই অর্থে ব্যবহার করা চলে, তাদেরকে বলা হয় সমার্থক শব্দ বা প্রতিশব্দ।

## সমার্থক বা প্রতিশব্দের নমুনা

**অবকাশ**
সময়, ফুরসত, অবসর, ছুটি, সুযোগ, বিরাম।

**অরুণ**
লাল, আরক্ত, রক্তিম, সূর্যসারথি, নতুনসূর্য।

**অপূর্ব**
অদ্ভুত, আশ্চর্য, অত্যাশ্চর্য, অভূতপূর্ব, অত্যদ্ভুত, অলৌকিক, অপরূপ, অভিনব, বিস্ময়কর, আজব, তাজ্জব।

**অকস্মাৎ**
আচমকা, হঠাৎ, সহসা, অতর্কিত, আচম্বিতে, অপ্রত্যাশিতভাবে, দৈবাৎ।

**অকাল**
অসময়, অবেলা, অদিন, দুর্দিন, কুদিন, অযাত্রা, কালবেলা, বারবেলা, অশুভ তিথি, অশুভ সময়, কুক্ষণ, দুঃসময়।

**অক্ষয়**
চিরন্তন, ক্ষয়হীন, নাশহীন, অশেষ, অনন্ত, অনিঃশেষ, অন্তহীন, অন্তবিহীন, অব্যয়, অবিনাশী, অলয়, অনশ্বর।

**অঙ্গ/দেহ**
দেহ, শরীর, অবয়ব, গাত্র, বপু, তনু, গতর, কাঠামো, আকৃতি, দেহাংশ।

**অতিরিক্ত**
অত্যধিক, বেশি, মেলা, অনেক, প্রচুর, প্রতুল, ভূরি, পর্যাপ্ত, বাড়তি, দেদার।

**অদৃশ্য**
অলক্ষিত, অদৃষ্ট, অলক্ষ্য, অদেখা, অগোচর, অপ্রকট, অলখ, অদর্শিত, নাদেখা।

**অভাব**
অনটন, দারিদ্র্য, দৈন্য, দীনতা, দুরবস্থা, নিঃসম্বলতা, হীনাবস্থা, গরীবি, অসচ্ছলতা, অপ্রাচুর্য, ন্যূনতা, রিক্ততা।

**অলস**
নিষ্ক্রিয়, নিষ্কর্মা, অকর্মা, শ্রমকাতর, অকেজো, অকর্মণ্য, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি, ঢিলে, আলসে।

**অতিথি**
মেহমান, অভ্যাগত, আগন্তুক, গৃহাগত, নিমন্ত্রিত, আমন্ত্রিত, কুটুম।

**অগ্নি**
আগুন, অনল, হুতাশন, শিখা, দহন, পাবক, বহ্নি, কৃশানু, সর্বভুক, বৈশ্বানর, বায়ুসখা।

**অশ্ব**
তুরঙ্গ, তুরগ, তুরঙ্গম, বাজী, ঘোটক, ঘোড়া, হয়।

**আকাশ**
শূন্যলোক, ব্যোম, দ্যুলোক, অন্তরীক্ষ, আসমান, নভঃ, গগন, অম্বর।

**অন্ন**
ভাত, ওদোন, সিদ্ধ, আহারদ্রব্য, সিদ্ধ, তণ্ডুল।

**অন্ধকার**
আঁধি, তমঃ, তমসা, তিমির, আঁধার, অমানিশা।

**ইচ্ছা**
অভিলাষ, বাঞ্ছা, স্পৃহা, অভিপ্রায়, সাধ, বাসনা, আকাঙ্ক্ষা, কামনা, অভিরুচি, প্রবৃত্তি, মনোরথ, ঈপ্সা, অভিপ্সা, আশা, এষণা, প্রার্থনা, চাওয়া, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কাম।

**ঈশ্বর**
আল্লাহ, খোদা, ইলাহী, স্রষ্টা, বিশ্বপতি, পরমেশ্বর, জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎস্রষ্টা, জগন্নাথ, জগন্ময়, ভাগ্যবন্ধু, আদিনাথ, পৃথ্বিশ, অমরেশ, অন্তর্যামী, লোকনাথ, পরমপুরুষ, পরমেশ্বর, পরমাত্মা, পরেশ, পরমেশ, বিভু, ধাতা, জগদ্বন্ধু।

**কন্যা**
তনয়া, নন্দিনী, আত্মজা, দুহিতা।

**কোকিল**
কলকণ্ঠ, পিক, পরভৃত, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, বসন্তদূত।

**কূল**
তীর, তট, তটভূমি, তীরভাগ, কূলভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার, বালুবেলা, কিনারা, পুলিন, পাড়।

**কথা**
উক্তি, বচন, কথন, বাক্য, বাণী, ভাষণ, বিবৃতি, বাক, জবান, বুলি, বোল।

**কালো**
অসিত, কৃষ্ণবর্ণ, শ্যাম, শ্যামল।

**কপাল**
তিলক, কপল, ভাগ্য, অদৃষ্ট, ভাগ্যলিপি।

**কেশ/চুল**
অলক, চিকুর, কুন্তল, চুল, কবরী।

**কিরণ**
বিভা, দ্যুতি, আলোক, দীপ্তি, প্রভা, জ্যোতি, রশ্মি, অংশু।

**কড়চা**
উক্তি, বচন, গল্প, উপাখ্যান, কথকতা, বিবরণ, বৃত্তান্ত, প্রসঙ্গ।

**কপোত**
পারাবত, কবুতর (কইতর), পায়রা, রেবকত, নোটন, লোটন, প্রাসাদ কুক্কুট।

**কর**
রাজস্ব, খাজনা, শুল্ক, ট্যাক্স।

**কর্ণ**
শ্রবণ, শ্রুতি, শ্রবণেন্দ্রিয়, কান

**কড়া**
কলঙ্কচিহ্ন, কঠিন, দৃঢ়, শক্ত, খর, তীব্র।

**কাঁদা**
ক্রন্দন, কান্না, কাঁদন, রোদন, কান্নাকাটি, অশ্রুপাত, অশ্রুত্যাগ, ডুকরানো, ফোঁপানো।

**কলা**
রম্ভা, কদলী, শিল্প, কৌশল, কারিগরি, পত্রগোটা।

**কষ্ট**
মেহনত, যন্ত্রণা, ক্লেশ, পরিশ্রম, দুঃখ।

**খবর**
সংবাদ, বার্তা, তত্ত্ব, সন্ধান, তথ্য, সন্দেশ, সমাচার, বিবরণ, বৃত্তান্ত, নিউজ, খবরাখবর, খোঁজ-খবর, উদন্ত, ফরমান।

**খড়্গ**
কৃপাণ, অসি, তরবারি, তলোয়ার, ঢাল।

**খাদ্য**
খাবার, ভোজ্য, ভোজনীয়, ভক্ষ্য, আহার্য, ভোজ্যসামগ্রী, ভোজদ্রব্য, রসদ, রসুই, খানা।

**গৃহ**
নিবাস, বাটী, ধাম, ঘর, আগার, সদন, নিকেতন, নিলয়, আলয়।

**ঘরনী**
গৃহিণী, স্ত্রী, পত্নী, জায়া, দারা, সহধর্মিণী, বিবি, বেগম, কর্ত্রী।

**চাঁদ**
হিমাংশু, হিমকর, সিতাংশু, সুধাংশু, নিশানাথ, শশধর, শশাঙ্ক, বিধু, চন্দ্র, নিশাপতি, মৃগাঙ্ক।

**চোখ**
চক্ষু, অক্ষি, নেত্র, লোচন, নয়ন, আঁখি।

**ঠোঁট**
চঞ্চু, ওষ্ঠ, অধর।

**ঢেউ**
কল্লোল, বিপুল, উদ্বেল, তরঙ্গ, ঊর্মি।

**তীর**
তট, পুলিন, সৈকত, কূল, কিনার, আশ্রয়, অবধি, ধার, পাড়, শর।

**তপন**
দিনপতি, সূর্য, রবি, ভানু, প্রভাকর, মার্তণ্ড, দিনস্বামী।

**তুলা**
তুলাদ-, দাঁড়িপাল্লা, শতপল, ওজন, তুলনা, নিক্তি।

**তৃষ্ণা**
পিপাসা, জল পানের ইচ্ছা, তেষ্টা, পিয়াসা, আকাঙ্ক্ষা।

**তুষার**
বরফ, হিম, হিমানি, তুহিন, নীহার।

**দিন**
দিবা, দিনমান, অযামিনী, অহনা, অহ্ন।

**নারী**
ভামিনী, সীমন্তিনী, নন্দিনী।

**নদী**
শৈবালিনী, তরঙ্গিনী, কল্লোলিনী, প্রবাহিনী, তটিনী, স্রোতস্বতী, সরিৎ।

**নিত্য**
সতত, সর্বদা, প্রত্যহ, প্রাত্যহিক, নিয়মিত, চিরস্থায়ী, অক্ষয়, চির, অনন্ত, নিত্যকর্ম, রোজ।

**নবীন**
আনকোরা, নতুন, উদগত, আধুনিক, অধুনা, অর্বাচীন।

**পাখি**
শকুন্ত, খেচর, বিহঙ্গ, বিহগ, পক্ষী, খগ।

**পদ্ম**
শতদল, কমল, উৎপল, কোকনদ, সরোজ, পঙ্কজ, নলিনী, তামরস।

**পর্বত**
মহীন্দ্র, শিকারী, শৃঙ্গ, শৈল, গিরি, পাহাড়, ভূধর, অদ্রি, অচল, মহীধর, মেদিনীধর, নগ।

**পুত্র**
তনয়, নন্দন, সুত, আত্মজ।

**পাথর**
পাষাণ, প্রস্তর, শিলা, শিল, উপল, অশ্ম, রত্ন, মণি, দৃষৎ, কাঁকর, কঙ্কর।

**পৃথিবী**
ভূলোক, ভুবন, বসুমতি, বসুন্ধরা, অবনী, অদিতি, ক্ষিতি, ধরা, জগৎ, দুনিয়া, ধরণী, অখিল।

**পুষ্প**
প্রসূন, ফুল, রঙ্গন, রঙ্গনা, কুসুম।

**বাতাস**

অনিল, সমীর, সমীরণ, হাওয়া, পবন, বায়ু, বাত, মরুৎ।

**বন**

জঙ্গল, গহন, অটবী, কুঞ্জ, কানন, অরণ্য, বনানী, বিপিন।

**বৃক্ষ**

বিটপী, তরু, পাদপ, উদ্ভিদ, অটবী, বৃক্ষ, মহীরুহ।

**বিবাহ**

বিয়ে, পরিণয়, পাণিগ্রহণ, উদ্বাহ, নিকাহ্, শাদি, পাণিপীড়ন।

**বিদ্যুৎ**

শম্পা, চপলা, সৌদামিনী, ক্ষণপ্রভা, তড়িৎ, বিজলি, দামিনী।

**ভ্রমর**

মধুলেহ, ভোমরা, মৌমাছি, অলি, শিলীমুখ, মধুকর।

**মেঘ**

অম্বুদ, নীরদ, জলদ, বারিদ, বলাহক, কাদম্বিনী।

**মা**

মা, মাতা, জননী, অম্বালা, অম্বা, আম্মা, অম্বালিকা, অম্বিকা, মাতৃ, গর্ভধারিণী, জন্মদাত্রী, প্রসূতি।

**মৃত্যু**

বিনাশ, নাশ, নিধন, নিপাত, পরলোকগমন, স্বর্গলাভ।

**মন**

চিত্ত, হৃদয়, অন্তর, দিল, পরান, অন্তঃকরণ, অন্তরাত্মা, হৃদয়তন্ত্রী, মানসলোক।

**ময়ূর**

কলাপী, শিখণ্ডী, বর্হী, কেকী।

**যুদ্ধ**

সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, রণ, লড়াই, সংঘর্ষ, সংঘাত, সমীক, সংযুগ, প্রঘাত, আয়োধন, যুঝ, প্রতিদারণ, সংখ্য।

**রাজা**

নরেন্দ্র, ভূপাল, নৃপ, নৃপতি, দন্ডধর, বাদশা।

**রাত**

নিশীথিনী, শর্বরী, যামিনী, রজনী, রাত, নিশা, নিশি।

**রানী**

রাজ্ঞী, মহিষী, সম্রাজ্ঞী, রাজমহিষী, রাজপত্নী, বেগম।

**শত্রু**

অরাতি, অরি, বৈরি, রিপু, প্রতিপক্ষ।

**সমুদ্র**

বারিধি, পারাবার, জলনিধি, জলধি, সিন্ধু, সাগর, পাথার, দরিয়া, অর্ণব, রত্নাকর।

**স্বর্ণ**

সোনা, সুবর্ণ, কাঞ্চন, কনক, হিরণ্য, হিরণ, মহাধাতু, হেম, কর্বুক।

**সাপ**

নাগ, উরগ, ভুজগ, সর্প, ফণী, আশীবিষ, অহি, ভুজঙ্গ।

**স্ত্রী**

ভার্যা, পত্নী, সহধর্মিনী, অর্ধাঙ্গী, দার, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা, বধূ।

**স্বর্গ**

দেবলোক, দ্যুলোক, অমরাবতী, ইন্দ্রলোক।

**সৎ**

সত্য, নিত্য, সাধু, শুভ, সৎকর্ম, সদিচ্ছা, বিদ্যমান।

**স্বামী**

পতি, নাথ, দয়িত, কান্ত, বল্লভ, ভর্তা।

**সিংহ**

সিঙ্গি, মৃগেন্দ্র, পশুরাজ, মৃগরাজ, কেশরী।

**সূর্য**

অর্ক, অরুণ, আদিত্য, আফতাব, তপন, দিনপতি, দিবাকর, প্রভাকর, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্ত-, সবিতা, রবি।

**সুন্দর**

মনোরম, মনোহর, রমণীয়, রম্য, কমনীয়, সুদর্শন, ললিত, সুকান্ত।

**হাতি**

হস্তী, মাতঙ্গ, গজ, কুঞ্জর, করী, করন, ঐরাবত, দ্বিপ।

**হাত/হস্ত**

বাহু, ভুজ, কর, হাত, পাণি।

**হীন**

নীচ,অধম, নিন্দনীয়, অবনত, দুর্দশাপন্ন, গরিব, অক্ষম, শূন্য, অতিবিনীত, ক্ষীণ।



## এক কথায় উত্তর

১. **সমার্থক শব্দ কী?**
**উত্তর:** সমার্থবোধক বা একার্থবিশিষ্ট শব্দ।

২. **'ঢেউ' এর প্রতিশব্দ বা সমার্থক শব্দ কী?**
**উত্তর:** বীচি।

৩. **'পাথার' শব্দটির সমার্থক শব্দ কী?**
**উত্তর:** সমুদ্র।

৪. **সমার্থক শব্দ ব্যবহারের মাধ্যমে-**
**উত্তর:** শব্দ ভাণ্ডার সমৃদ্ধ হয়।

৫. **সাধারণত কোন ধরনের শব্দের সমার্থক শব্দ হয় না?**
**উত্তর:** অজ্ঞাতমূলক শব্দ।

৬. **'বিরাম' কোন শব্দের সমার্থক?**
**উত্তর:** অবকাশ।

৭. **'তনু' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** গতর।

৮. **'ব্যোম' কোন শব্দের সমার্থক?**
**উত্তর:** অন্তরীক্ষ।

৯. **'অশ্রু' শব্দের প্রতিশব্দ-**
**উত্তর:** লোর।

১০. **'আগুন' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** সর্বভুক।

১১. **'বীতিহোত্র' এর সমার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** অগ্নি।

১২. **'খ' এর অর্থ কী?**
**উত্তর:** আকাশ।

১৩. **'স্ফুরণ' শব্দের প্রতিশব্দ কোনটি?**
**উত্তর:** উচ্ছ্বাস।

১৪. **'ভাতি' এর সমার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** আলো।

১৫. 'কন্যা' শব্দের সমার্থক কোনটি?
উত্তর: তনয়া ।

১৬. কর এর সমার্থক-
উত্তর: খাজনা ।

১৭. কোকিল শব্দের প্রতিশব্দ কোনটি?
উত্তর: কাকপুষ্ট ।

১৮. 'কটি' এর সমার্থক শব্দ-
উত্তর: কোমর ।

১৯. ঘোড়া'র প্রতিশব্দ কোনটি?
উত্তর: ঘোটক ।

২০. 'বাটী' কোন শব্দের সমার্থক শব্দ?
উত্তর: গৃহ ।

২১. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
উত্তর: মহীধর ।

২২. 'আত্মজ' শব্দের প্রতিশব্দ কোনটি?
উত্তর: পুত্র ।

২৩. 'অহি' কোন শব্দের সমার্থক?
উত্তর: সাপ ।

২৪. 'সূর্য' শব্দের সমার্থক-
উত্তর: আদিত্য ।

২৫. 'শিখণ্ডী' এর প্রতিশব্দ কোনটি?
উত্তর: ময়ূর ।

২৬. 'পাণি' কোন শব্দের সমার্থক?
উত্তর: হাত ।

২৭. 'স্ত্রী' শব্দের সমার্থক?
উত্তর: জায়া ।

২৮. 'চপলা' এর সমার্থক-
উত্তর: বিদ্যুৎ ।

## Teacher's Work



১. 'প্রকর্ষ' শব্দের সমার্থক শব্দ– (৩৬তম বিসিএস)
ক উৎকর্ষতা　খ অপকর্ষ
গ উৎকর্ষ　ঘ অপকর্ষতা　**গ**

২. 'জল' শব্দটির সমার্থক শব্দ কোনটি? (৩৫তম বিসিএস)
ক জলদ　খ জলধর
গ সলিল　ঘ অবনী　**গ**

৩. কোনটি অগ্নি'র সমার্থক শব্দ নয়? (৩৩তম বিসিএস)
ক পাবক　খ বৈশ্বনর
গ সর্বশুচি　ঘ প্রজ্বলিত　**ঘ**

৪. 'বৃক্ষ'-এর সমার্থক শব্দ কোনটি? (৩২তম বিসিএস)
ক নীরধি　খ কপালি
গ বিটপী　ঘ অবনি　**গ**

৫. 'অদিতি'-এর সমার্থক শব্দ নয় কোনটি? (৩১তম বিসিএস)
ক পৃথ্বী　খ ক্ষিতি
গ নীর　ঘ অবনী　**গ**

৬. 'আগুন'- এর সমার্থক শব্দ কোনটি?
ক সুবর্ণ　খ অনল
গ মার্তণ্ড　ঘ কর　**খ**

৭. নিচের কোন দুটি সমার্থক শব্দ?
ক কৃশানু : পাবক　খ বারিদ : সুধাকর
গ অম্বু : অহন　ঘ বীচি : ওদন　**ক**

৮. 'পরভৃৎ' শব্দের অর্থ-
ক কাক　খ কোকিল
গ বক　ঘ আম্র　**ক**

৯. 'কোরক' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক কৃতকর্ম　খ কুঁড়ি
গ কড়ি　ঘ কুহক　**খ**

১০. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক পৃথি　খ মহীধর
গ ভূলোক　ঘ দ্যুলোক　**খ**

## গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| কাজ | অকাজ | সঞ্চয় | অপচয় |
| উপচয় | অপচয় | উন্নত | অবনত |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ | উৎকর্ষ | অপকর্ষ |
| কেজো | অকেজো | যশ | অপযশ |
| চেতন | অচেতন | সবল | দুর্বল |
| জ্ঞানী | অজ্ঞানী | সুলভ | দুর্লভ |
| ধর্ম | অধর্ম | সুশীল | দুঃশীল |
| নশ্বর | অবিনশ্বর | আসল | নকল |
| লক্ষ্মী | অলক্ষ্মী | আস্তিক | নাস্তিক |
| শান্ত | অশান্ত | লায়েক | নালায়েক |
| শিষ্ট | অশিষ্ট | খুঁত | নিখুঁত |
| শ্রদ্ধা | অশ্রদ্ধা | বিরত | নিরত |
| সান্ত | অনন্ত | আশা | নিরাশা |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| স্থাবর | অস্থাবর | উৎসাহ | নিরুৎসাহ |
| অতিবৃষ্টি | অনাবৃষ্টি | দোষী | নির্দোষ |
| অভিজ্ঞ | অনভিজ্ঞ | ধনী | নির্ধন, দরিদ্র |
| অর্থ | অনর্থ | প্রবল | দুর্বল |
| আচার | অনাচার | রোগ | নীরোগ |
| আত্মীয় | অনাত্মীয় | সচেষ্ট | নিশ্চেষ্ট |
| আদর | অনাদর | সদয় | নির্দয় |
| আবশ্যক | অনাবশ্যক | সম্বল | নিঃসম্বল |
| আবিল | অনাবিল | সরল | গরল |
| আস্থা | অনাস্থা | সাকার | নিরাকার |
| ইচ্ছা | অনিচ্ছা | অনুরক্ত | বিরক্ত |
| ইষ্ট | অনিষ্ট | অনুরাগ | বিরাগ |
| উপস্থিত | অনুপস্থিত | ইহলোক | পরলোক |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| উপকার | অপকার | ইহা | উহা |
| মান | অপমান | উত্থান | পতন |
| উচ্চ | নিচ | উন্নতি | অবনতি |
| উদয় | অস্ত | ওঠা | নামা |
| এলোমেলো | গোছালো | কোমল | কর্কশ |
| কৃত্রিম | স্বাভাবিক | খাঁটি | ভেজাল |
| ক্ষুদ্র | বৃহৎ | খোলা | বন্ধ |
| খুচরা | পাইকারি | গৃহী | সন্ন্যাসী |
| গুরু | লঘু | ঘাত | প্রতিঘাত |
| ঘাটতি | বাড়তি | ছাত্র | শিক্ষক |
| চোখা | ভোঁতা | জড় | চেতন |
| জয় | পরাজয় | তেজী | নিস্তেজ |
| ঠকা | জেতা | দীর্ঘ | হ্রস্ব |
| তিরস্কার | পুরস্কার | দেওয়া | নেওয়া |
| দিন | রাত | নিন্দা | প্রশংসা |
| দূর | নিকট | বর | বৌ |
| ধনী | নির্ধন, গরিব | বাচাল | স্বল্পভাষী |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| নিদ্রিত | জাগ্রত | ভূত | ভবিষ্যৎ |
| ভয় | সাহস | মুখ্য | গৌণ |
| ভীরু | নির্ভীক | রুগ্ন | সুস্থ |
| মিলন | বিরহ | সুন্দর | কুৎসিত |
| রাজা | প্রজা | স্মৃতি | বিস্মৃতি |
| শীঘ্র | বিলম্ব | স্বর্গ | নরক |
| সার্থক | ব্যর্থ | হার | জিত |
| স্থির | চঞ্চল | হ্রাস | বৃদ্ধি |
| স্বতন্ত্র | পরতন্ত্র | কনিষ্ঠ | জ্যেষ্ঠ |
| হরণ | পূরণ | কেলেঙ্কারি | খ্যাতি |
| হাসি | কান্না | কর্কশ | মোলায়েম/কোমল |
| কড়ি | কড়িশূন্য | কলঙ্ক | সুনাম/খ্যাতি |
| কপটতা | সরলতা | কলুষ | নিষ্কলুষ |
| কল্যাণ | অকল্যাণ | কল্পনা | বাস্তব |
| কাজ | অকাজ | কুখ্যাত | বিখ্যাত |
| কার্য | অকার্য | | |



## এক কথায় উত্তর

১. **'ধৃষ্ট' এর বিপরীত শব্দ কী?**
**উত্তর:** বিনয়ী।

২. **'স্থাবর' এর বিপরীত শব্দ কী?**
**উত্তর:** জঙ্গম।

৩. **'প্রতীচ্য' শব্দের বিপরীত শব্দ কী?**
**উত্তর:** প্রাচ্য।

৪. **অনুগ্রহ এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** নিগ্রহ।

৫. **অর্পণ এর বিপরীত শব্দ-**
**উত্তর:** গ্রহণ।

৬. **'অহ' এর বিপরীত শব্দ হল-**
**উত্তর:** রাত্রি।

৭. **'পুরানো' এর বিপরীত শব্দ-**
**উত্তর:** আনকোরা।

৮. **ইদানিং এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** তদানিং।

৯. **'আদিষ্ট' এর বিপরীত-**
**উত্তর:** নিষিদ্ধ।

১০. **'ঔদ্ধত্য' এর বিপরীত শব্দ-**
**উত্তর:** বিনয়।

১১. **অমরাবতী এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** নরক।

১২. **'আবির্ভাব' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** তিরোভাব।

১৩. **'ঊষর' শব্দের বিপরীতার্থক শব্দ?**
**উত্তর:** উর্বর।

১৪. **'ঋদ্ধি' শব্দটির বিপরীত শব্দ-**
**উত্তর:** অবনতি।

১৫. **'ঔদার্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** কার্পণ্য।

১৬. **'খাতক' শব্দের বিপরীত শব্দ?**
**উত্তর:** মহাজন।

১৭. **'গুপ্ত' এর বিপরীত শব্দ?**
**উত্তর:** প্রকাশিত।

১৮. **'ঋজু' এর বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** বঙ্কিম।

১৯. **'আবদ্ধ' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** মুক্ত।

২০. **অপসৃয়মান শব্দটির বিপরীত কি?**
**উত্তর:** উদীয়মান।

২১. **'অর্থী'র বিপরীত শব্দ-**
**উত্তর:** প্রত্যর্থী।

২২. **'আকস্মিক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
**উত্তর:** চিরন্তন।

২৩. **'অনুরাগ' শব্দটির বিপরীত শব্দ কোনটি?**
**উত্তর:** বিরাগ।

